Educationblog24.com

## কবিতা ০৪



# বিদ্রোহী

### কাজী নজরুল ইসলাম

**একনজরে সূচি** — কবিতায় প্রতিটি পাঠ যেভাবে উপস্থাপিত হয়েছে


**বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ**
- ছকভিত্তিক বিশ্লেষণ ........ পৃষ্ঠা ৩২০
- শিখনফলভিত্তিক বিশ্লেষণ ........ পৃষ্ঠা ৩২০

**বহুনির্বাচনি অংশ**
- RAPID PREPARATION ........ পৃষ্ঠা ৩২১
- বোর্ড ও কলেজ পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর ........ পৃষ্ঠা ৩২১

**সৃজনশীল অংশ**
- বোর্ড পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও উত্তর ........ পৃষ্ঠা ৩২৪
- কলেজ পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও উত্তর ........ পৃষ্ঠা ৩৩২
- জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ........ পৃষ্ঠা ৩৩২
- অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ........ পৃষ্ঠা ৩৩৬

**এক্সক্লুসিভ সাজেশন্স**
- ১০০% প্রস্তুতি উপযোগী প্রশ্ন ........ পৃষ্ঠা ৩৩৭

**প্রস্তুতি যাচাই ও মূল্যায়ন**
- এক্সক্লুসিভ মডেল টেস্ট : বহুনির্বাচনি ........ পৃষ্ঠা ৩৩৮
- এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ........ পৃষ্ঠা ৩৩৯


## বোর্ড প্রশ্নপত্র বিশ্লেষণ — ২০২৬ সালের বোর্ড পরীক্ষার জন্য এক নজরে অধ্যায়ের গুরুত্ব

**ছকভিত্তিক বিশ্লেষণ :** বিগত সকল বোর্ড পরীক্ষায় (২০২৫–২০১৬) এ কবিতা থেকে কয়টি বহুনির্বাচনি ও সৃজনশীল প্রশ্ন এসেছে তা নিচের ছকে দেখানো হলো। এ ছকের বিশ্লেষণ দেখে শিক্ষার্থী নিজেই বুঝতে পারবে কবিতাটি এবারের বোর্ড পরীক্ষার জন্য কতটা গুরুত্বপূর্ণ।

| বোর্ড / সাল | ঢাকা | | রাজশাহী | | যশোর | | কুমিল্লা | | চট্টগ্রাম | | সিলেট | | বরিশাল | | দিনাজপুর | | ময়মনসিংহ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ | MCQ | CQ |
| ২০২৫ | ২টি | ১টি | ২টি | ১টি | ১টি | ১টি | ৩টি | – | ২টি | – | ২টি | – | ১টি | – | ২টি | ১টি | – | ১টি |
| ২০২৪ | ২টি | ১টি | ১টি | ১টি | ২টি | ১টি | ২টি | — | ২টি | — | — | — | ২টি | ১টি | ১টি | — | ২টি | ১টি |
| ২০২৩ | ১টি | – | ১টি | – | ১টি | – | ১টি | ১টি | ২টি | – | ২টি | – | ২টি | – | ১টি | – | ১টি | - |
| ২০২২ | — | – | ২টি | – | ২টি | – | — | – | ২টি | – | ২টি | ১টি | ১টি | – | ২টি | – | ২টি | - |
| ২০১৯ | এ অধ্যায়টি এইচএসসি পরীক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত ছিল না। | | | | | | | | | | | | | | | | | |
| ২০১৮ | এ অধ্যায়টি এইচএসসি পরীক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত ছিল না। | | | | | | | | | | | | | | | | | |
| ২০১৭ | এ অধ্যায়টি এইচএসসি পরীক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত ছিল না। | | | | | | | | | | | | | | | | | |
| ২০১৬ | এ অধ্যায়টি এইচএসসি পরীক্ষার সিলেবাসে অন্তর্ভুক্ত ছিল না। | | | | | | | | | | | | | | | | | |

[বি.দ্র. : ২০২০ সালে কোভিড অতিমারির কারণে বোর্ড পরীক্ষা অনুষ্ঠিত হয়নি এবং ২০২১ সালে বোর্ড পরীক্ষায় বাংলা প্রথম পত্র অন্তর্ভুক্ত ছিল না।]

**শিখনফলভিত্তিক বিশ্লেষণ :** বিগত সকল বোর্ড পরীক্ষার (২০২৫–২০১৬) সৃজনশীল প্রশ্ন বিশ্লেষণ করে শিখনফলে গুরুত্বসূচক চিহ্নের মাধ্যমে নিচের ছকে দেখানো হলো। এ গুরুত্বসূচক চিহ্ন দ্বারা কোন শিখনফলটি ২০২৬ সালের পরীক্ষার জন্য কতটা গুরুত্বপূর্ণ তা জানা যাবে।

| শিখনফলভিত্তিক সৃজনশীল প্রশ্ন বিশ্লেষণ | গুরুত্ব |
|---|---|
| **শিখনফল ১ :** কবির আত্মপরিচয়ের স্বরূপ। [রা. বো. '২৪; কু. বো. '২৩] | [illegible] |
| **শিখনফল ২ :** অন্যায়-অত্যাচার ও অনাচারের বিরুদ্ধে কবির আপসহীন মনোভাব ও বিদ্রোহের স্বরূপ। [ঢা. বো. '২৫, '২৪; রা. বো. '২৫, '২৪; য. বো. '২৫, '২৪; দি. বো. '২৫; ম. বো. '২৫] | [illegible] |
| **শিখনফল ৩ :** প্রেম ও দ্রোহের যুগপৎ প্রকাশে কবিমানসের স্বরূপ। | [illegible] |
| **শিখনফল ৪ :** স্বীয় আদর্শ ও চেতনাবোধে স্থির থাকার গুরুত্ব। [ঢা. বো. '২২] | [illegible] |
| **শিখনফল ৫ :** অন্যায়ের কাছে মাথা নত না করে সফলতা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখার গুরুত্ব। | [illegible] |
| **শিখনফল ৬ :** পৌরাণিক অনুষঙ্গ ব্যবহারের তাৎপর্য। | [illegible] |
| **শিখনফল ৭ :** নিপীড়িত মানুষের অন্তর্যাতনার স্বরূপ। | [illegible] |

CamScanner

Educationblog24.com





## বহুনির্বাচনি অংশ — চূড়ান্ত প্রস্তুতিমূলক প্রশ্ন ও উত্তর

A+ গ্রেড এর নিশ্চয়তা | NCTB প্রদত্ত পূর্ণাঙ্গ সিলেবাস ও চূড়ান্ত মানবণ্টনের আলোকে এইচএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির নিশ্চয়তায় পাঠ/টপিকের ধারায় তথ্য-ব্যাখ্যাসহ বোর্ড ও শীর্ষস্থানীয় কলেজসমূহের বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর।

## RAPID PREPARATION — বহুনির্বাচনি অংশের জন্য গুরুত্বপূর্ণ তথ্যাবলি

১. 'বিদ্রোহী' কবিতাটি কবি কাজী নজরুল ইসলাম রচিত।

২. 'বিদ্রোহী' কবিতাটি কবির 'অগ্নিবীণা' (১৯২২) কাব্যগ্রন্থ থেকে নেওয়া।

৩. 'বিদ্রোহী' কবিতায় কবি শাসকদের শোষণ, অত্যাচার ও উৎপীড়নের বিরুদ্ধে বিদ্রোহ করেছেন।

৪. 'বিদ্রোহী' কবিতায় কবি অধিকারবঞ্চিত মানুষের অধিকার আদায়ের পক্ষে বিদ্রোহ করেছেন।

৫. 'বিদ্রোহী' কবিতায় কবি অধিকারবঞ্চিত মানুষকে অধিকারসচেতন করে তুলতে চেয়েছেন।

৬. 'বিদ্রোহী' কবিতাটি বাংলা সাহিত্যের একটি শ্রেষ্ঠ কবিতা।

৭. 'বিদ্রোহী' কবিতায় আত্মজাগরণে উন্মুখ কবির সদম্ভ আত্মপ্রকাশ ঘোষিত হয়েছে।

৮. 'বিদ্রোহী' কবিতার শেষে কবি অত্যাচারীর অত্যাচারের অবসান কামনা করেছেন।

৯. 'বিদ্রোহী' কবিতায় কবি 'আমি' শব্দটি বারবার ব্যবহার করে বিদ্রোহ চেতনা ও মানুষের অধিকার প্রতিষ্ঠার দাবিকে জোরালো করেছেন।

১০. 'বিদ্রোহী' কবিতায় মহা বিদ্রোহী বীর নিজেকে ছাড়া অন্য কাউকে পরোয়া করেন না।

১১. 'বিদ্রোহী' কবিতায় বিদ্রোহী বীর সব রকম ভয়শূন্য, অসম সাহসী সৈনিক।

১২. 'বিদ্রোহী' কবিতায় বিদ্রোহী বীর অন্য কারও শাসন মানেন না, ভয় করেন না। তিনি নিজেই সবার জন্য মহা-ভয়।

১৩. 'বিদ্রোহী' কবিতায় বিদ্রোহী বীর প্রচণ্ড আত্মবিশ্বাসী, তিনি নিজেকে ছাড়া অন্য কাউকে কুর্নিশ করেন না।

১৪. 'বিদ্রোহী' কবিতাটি মাত্রাবৃত্ত ছন্দে রচিত।

১৫. কাজী নজরুল ইসলাম ১৩১৬ বঙ্গাব্দে প্রাইমারি পাশ করেন।

১৬. কাজী নজরুল ইসলাম মক্তব থেকে প্রাইমারি পাশ করেন।

১৭. ১৯২০ সালে বাঙালি পল্টন ভেঙে দেওয়া হয়।

১৮. 'শিখর হিমাদ্রির' সবচেয়ে সহজ অর্থ হিমালয়ের শীর্ষচূড়া।

১৯. 'বিদ্রোহী' কবিতায় নত শিরের সঙ্গে সম্পর্ক রয়েছে হিমাদ্রির।

২০. 'বিদ্রোহী' কবিতায় কবির উন্নত শিরের কথা বলা হয়েছে।

২১. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে ইন্দ্রাণী-সুত হিসেবে পরিচয় দিয়েছেন।

২২. 'বিদ্রোহী' কবিতায় ব্যবহৃত ঐতিহাসিক চরিত্র চেঙ্গিস।

২৩. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কুর্নিশ করেন।

২৪. 'বিদ্রোহী' কবিতায় 'প্রণব-নাদ' বলতে কবি ওঙ্কার ধ্বনি বুঝিয়েছেন।

২৫. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে বিশ্বামিত্র-শিষ্য বলে পরিচয় দিয়েছেন।

২৬. 'বিদ্রোহী' কবিতায় কবি বিধবার বুকের 'ক্রন্দন-শ্বাস'।

২৭. কবি পরশুরাম কুঠার দিয়ে বিশ্বকে নিঃক্ষত্রিয় করবেন।

২৮. 'বিদ্রোহী' কবিতাটি অত্যাচারের অবসান প্রত্যাশার মধ্য দিয়ে শেষ হয়েছে।

২৯. 'সুত' শব্দের অর্থ পুত্র।

৩০. কাজী নজরুল ইসলাম ১৯৭৬ সালে মৃত্যুবরণ করেন।

## বোর্ড ও কলেজ পরীক্ষার বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর — পাঠ/টপিকের ধারায় উপস্থাপিত

### কবি-পরিচিতি ▶ পাঠ্যবই; পৃষ্ঠা ২৬০

১. ১৯৭২ সালে কার উদ্যোগে কাজী নজরুল ইসলামকে সপরিবারে স্বাধীন বাংলাদেশে এনে নাগরিকত্ব ও জাতীয় কবির স্বীকৃতি দেওয়া হয়? [ঢা. বো. '২২]
ক প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ
খ সৈয়দ নজরুল ইসলাম
গ স্বরাষ্ট্রমন্ত্রী এএইচএম কামারুজ্জামান
ঘ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
উত্তর: ঘ

২. 'চক্রবাক' কোন ধরনের সাহিত্যকর্ম? [খাগড়াছড়ি সরকারি মহিলা কলেজ]
ক প্রহসন খ নাটক
গ কাব্য ঘ উপন্যাস
উত্তর: গ

৩. কাজী নজরুল ইসলাম কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? [দি. বো. '২৫]
ক ১৮৬১ খ ১৮৭৬ গ ১৮৯৯ ঘ ১৯০৭
উত্তর: গ

৪. পিতার মৃত্যুর পর কাজী নজরুল ইসলাম কীসে পতিত হন?
ক চরম অভাবে খ চরম দুঃখে
গ চরম কষ্টে ঘ চরম দারিদ্র্যে
উত্তর: ঘ

৫. কাজী নজরুল ইসলাম কত বঙ্গাব্দে প্রাইমারি পাশ করেন?
ক ১৩১২ খ ১৩১৬
গ ১৩২০ ঘ ১৩২৪
উত্তর: খ

৬. কাজী নজরুল ইসলাম কোথা থেকে প্রাইমারি পাশ করেন?
ক মক্তব খ মাদ্রাসা
গ প্রাইমারি স্কুল ঘ গ্রাম্য পাঠশালা
উত্তর: ক

৭. কাজী নজরুল ইসলাম গ্রামের মক্তবে কত বছর শিক্ষকতা করেন?
ক এক বছর খ দুই বছর
গ তিন বছর ঘ চার বছর
উত্তর: ক

৮. কত সালে বাঙালি পল্টন ভেঙে দেওয়া হয়?
ক ১৯১৮ সালে খ ১৯১৯ সালে
গ ১৯২০ সালে ঘ ১৯২১ সালে
উত্তর: গ

৯. বাঙালি পল্টন ভেঙে দেওয়ার পর কাজী নজরুল ইসলাম কোথায় ফিরে আসেন?
ক ঢাকায় খ কলকাতায়
গ আসানসোলে ঘ কুমিল্লায়
উত্তর: খ

Educationblog24.com



১০. কোন উপাধিটি কাজী নজরুল ইসলাম পাননি?
ⓚ বাবু সাহেব ⓚ বিদ্রোহী কবি
ক ⓖ হাবিলদার ⓖ পদ্মভূষণ

১১. 'বিদ্রোহী' কবিতা প্রথম প্রকাশিত হয় কোন পত্রিকায়? [য. বো. '২৫]
ⓚ বিজলী ⓚ লাঙল
ক ⓖ নবযুগ ⓖ ধূমকেতু

১২. কাজী নজরুল ইসলামের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? [দি. বো. '২৫]
ⓚ বিষের বাঁশি ⓚ অগ্নি-বীণা
খ ⓖ সাম্যবাদী ⓖ চক্রবাক

১৩. নিচের কোনটি কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা?
ⓚ ধূমকেতু ⓚ সবুজপত্র
ক ⓖ সমাচার দর্পণ ⓖ সমকাল

১৪. কাজী নজরুল ইসলাম লেটোর দলে যোগ দেন— [কক্সবাজার সিটি কলেজ]
i. দারিদ্র্য মোচনের জন্য
ii. সংগীত ভালোবাসতেন বলে
iii. ভবঘুরে ছিলেন বলে
নিচের কোনটি সঠিক?
ক ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## মূলপাঠ ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৬০

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
"ভাঙা ঘর, ফাঁকা ভিটেতে জমেছে নির্জনতার কালো
হে মহামানব, এখানে শুকনো পাতায় আগুন জ্বালো।" [রা. বো. '২২]

১৫. উদ্দীপকের সাথে সাদৃশ্যপূর্ণ পঙ্ক্তি কোনটি?
ⓚ মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী
ⓚ আমি মানি না কো কোনো আইন
ⓖ বলবীর– বল উন্নত মম শির।
গ ⓖ আমি উন্মন মন উদাসীর

১৬. উদ্দীপকে 'বিদ্রোহ' কবিতার কোন ভাবের প্রকাশ ঘটেছে?
ⓚ মহানুভবতার অনিন্দ্য প্রকাশ
ⓚ বিপ্লবী চেতনার অবসায়নের আহ্বান
ⓖ অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান
গ ⓖ রাজশক্তিকে সতর্কবার্তা প্রদান

১৭. "চির উন্নত মম শির"– কথাটি কীসের পরিচায়ক? [দি. বো. '২৫, '২২]
ⓚ হিমালয়ের মতো দৃঢ়তার
ⓚ আত্মদম্ভ প্রকাশের
ⓖ মাথা উঁচু করে থাকার
ঘ ⓖ অন্যায়ের কাছে মাথা নত না করার

১৮. 'শির নেহারি আমারি, নতশির ওই শিখর হিমাদ্রির।'– চরণটিতে মূলত কী প্রকাশ পেয়েছে? [দি. বো. '২৩]
ⓚ তীব্র আত্মবিশ্বাস ⓚ চরম দুঃসাহস
ক ⓖ প্রবল অহংকার ⓖ বিপুল প্রত্যাশা

১৯. 'বিদ্রোহী' কবিতায় 'ইস্রাফিলের শিঙার মহা হুঙ্কার' দ্বারা কোনটিকে ইঙ্গিত করে? [রাজশাহী ক্যাডেট কলেজ]
ⓚ তীব্র আর্তনাদ ⓚ প্রবল দামামা
খ ⓖ নতুনের আগমন ⓖ সৃষ্টির উন্মাদনা

২০. কবি নিজেকে কার ডমরু ত্রিশূল বলেছেন? [সরকারি বিজ্ঞান কলেজ]
ⓚ পিনাক-পাণির ⓚ ধর্মরাজের
ক ⓖ ইস্রাফিলের ⓖ অর্ফিয়াসের

২১. 'বিদ্রোহী' কবিতায় কবি এ-বিশ্বকে কীভাবে নিঃক্ষত্রিয় করতে চেয়েছেন? [সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]
ⓚ পরশুরামের কুঠার হয়ে ⓚ শ্যামের হাতে বাঁশি হয়ে
ক ⓖ ইস্রাফিলের শিঙা হয়ে ⓖ মহাপ্রলয়ের নটরাজ হয়ে

২২. 'চির-উন্নত শির।'– এ চরণে ফুটে ওঠা কবির মনোভাব হলো– [ভিকারুননিসা নূন স্কুল ও কলেজ, ঢাকা]
i. আত্মজাগরণ
ii. আত্মমর্যাদার অহংকার
iii. আদর্শবোধে অটল স্থিতি
নিচের কোনটি সঠিক?
ঘ ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৩. 'শিখর হিমাদ্রির' সবচেয়ে সহজ অর্থ কোনটি? [চা. বো. '২৪]
ⓚ হিমালয়ের শিখা ⓚ হিমালয়ের পাদদেশ
গ ⓖ হিমালয়ের শীর্ষচূড়া ⓖ হিমালয়ের বিস্তার

২৪. 'বিদ্রোহী' কবিতায় নত শিরের সঙ্গে কিসের সম্পর্ক রয়েছে?
ⓚ বৃক্ষের ⓚ কবির
গ ⓖ হিমাদ্রির ⓖ পাষাণের

২৫. "আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল"– এই পঙ্ক্তি মাধ্যমে বোঝানো হয়েছে– [চ. বো. '২২]
ⓚ কবির কোনো পরোয়া নেই ⓚ কবি নির্ভার
ক ⓖ কবি নির্বিশেষ ⓖ কবি মুক্ত

২৬. 'বিদ্রোহী' কবিতায় অকাল বৈশাখী ঝড়ের সঙ্গে তুলনা করা হয়েছে কীসের? [রা. বো. '২৩]
ⓚ এলানো কেশের ⓚ আইনের
ক ⓖ মহাপ্রলয়ের ⓖ নটরাজের নৃত্যের

২৭. 'বিদ্রোহী' কবিতায় কার উচ্চ শিরের কথা বলা হয়েছে?
ⓚ কবির ⓚ জীবনের
ক ⓖ পাঠকের ⓖ বৃক্ষের

২৮. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার সুত হিসেবে পরিচয় দিয়েছেন? [দি. বো. '২৩]
ⓚ দুর্বাসা ⓚ ইন্দ্রাণী
খ ⓖ বিশ্বামিত্র ⓖ পরশুরাম

২৯. কবির হাতে কেমন বাঁশির কথা বলা হয়েছে?
ⓚ উঁচু বাঁশের বাঁশি ⓚ সরল বাঁশের বাঁশি
ঘ ⓖ মন্থর বাঁশের বাঁশি ⓖ বাঁকা বাঁশের বাঁশি

৩০. "মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য।" চরণটিতে প্রকাশ পেয়েছে– [ম. বো. '২৩; চ. বো. '২৩; দি. বো. '২২]
ⓚ প্রেম ও দুঃখ ⓚ দ্রোহ ও বিরহ
গ ⓖ প্রেম ও দ্রোহ ⓖ সঙ্গীত দ্রোহ

▸▸ তথ্য-ব্যাখ্যা প্রশ্নোক্ত কথাটি দ্বারা কবি প্রেম ও বিদ্রোহ বুঝিয়েছেন। বাঁশরির মাধ্যমে কবির প্রেমিকসত্তা এবং রণতূর্যের মাধ্যমে কবির বিদ্রোহীসত্তা প্রকাশ পেয়েছে।

■ উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নম্বর প্রশ্নের উত্তর দাও :
"লাথি মার, ভাঙরে তালা।
যত সব বন্দি-শালায়–
আগুন জ্বালা,
আগুন জ্বালা, ফেল উপাড়ি।" [কু. বো. '২৪]

৩১. উদ্দীপকের সঙ্গে 'বিদ্রোহী' কবিতার কোন চরণের সাদৃশ্য আছে?
ⓚ বল বীর– বল উন্নত মম শির
ⓚ আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর
ⓖ আমি দুর্বার, আমি ভেঙে করি সব চুরমার!
গ ⓖ আমি বিদ্রোহ-বাহী নিখিল অখিল ব্যাপিয়া!

৩২. উদ্দীপক ও 'বিদ্রোহী' কবিতায় কোন ভাবের প্রকাশ ঘটেছে?
ⓚ মানুষের শক্তি ও সাহসের ঘোষণা
ⓚ মজলুমের মনোবেদনার প্রকাশ
ⓖ রাজশক্তিকে সতর্ক হওয়ার বার্তা
ঘ ⓖ অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে বিদ্রোহ

CamScanner

Educationblog24.com



■ উদ্দীপকটি পড়ে ৩৩ ও ৩৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :
'কোথা চেঙ্গিস, গজনি-মামুদ, কোথায় কালাপাহাড়?
ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া দ্বার।' [ব. বো. '২৪]

৩৩. উদ্দীপকের ভাববস্তুর সাথে 'বিদ্রোহী' কবিতার কোন চরণটির সাদৃশ্য রয়েছে?
ⓚ আমি ভেঙে করি সব চুরমার।
ⓛ আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,
ⓜ আমি মানি না কো কোনো আইন
(ঘ) ⓝ আমি অবসান, নিশাবসান

৩৪. উদ্দীপক ও উক্ত কবিতার মূল চেতনা–
i. অন্যায়ের প্রতিবাদ
ii. অত্যাচারীর বিরুদ্ধে বিদ্রোহ
iii. নির্যাতিতের আর্তচিৎকার
নিচের কোনটি সঠিক?
(ক) ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৩৫ ও ৩৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
লেনিন ভেঙেছে বিশ্বে জনস্রোতে অন্যায়ের বাঁধ,
অন্যায়ের মুখোমুখি লেনিন জানায় প্রতিবাদ। [ঝিনাইদহ ক্যাডেট কলেজ]

৩৫. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ⓚ নেতৃত্ব ⓛ দেশপ্রেম
(গ) ⓜ বিদ্রোহ ⓝ অত্যাচার

৩৬. উক্ত বিষয় লক্ষ করা যায় কবিতার কোন চরিত্রের মধ্যে?
ⓚ চেঙ্গিস খান, বলরাম ⓛ পরশুরাম, অর্ফিয়াস
(ঘ) ⓜ অর্ফিয়াস, শ্রীকৃষ্ণ ⓝ পরশুরাম, চেঙ্গিস খান

৩৭. নিচের কোনটিতে প্রেমের প্রসঙ্গ আছে? [রা. বো. '২৫]
i. মম বাঁশরীর তানে পাশরি
ii. আমি শ্যামলিমা ছায়া-ছবি
iii. আমি অর্ফিয়াসের বাঁশরী
নিচের কোনটি সঠিক?
(গ) ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii

৩৮. 'বিদ্রোহী' কবিতায় ব্যবহৃত ঐতিহাসিক চরিত্র কোনটি? [ব. বো. '২৪]
ⓚ অর্ফিয়াস ⓛ ইস্রাফিল
(ঘ) ⓜ নটরাজ ⓝ চেঙ্গিস

৩৯. আমি বেদুঈন, আমি চেঙ্গিস,
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ—
– এ চরণদ্বয়ে কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে? [রা. বো. '২৫]
ⓚ একাকিত্ব ⓛ অসহায়ত্ব
(ঘ) ⓜ সংগ্রাম তৎপরতা ⓝ অহংকার

৪০. 'বিদ্রোহী' কবিতায় কবি কাকে কুর্নিশ করেন? [সি. বো. '২২]
ⓚ নিজেকে ⓛ ঈশ্বরকে
(ক) ⓜ মাতৃভূমিকে ⓝ মাতা-পিতাকে

৪১. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার 'বাঁশরী' হিসেবে উপস্থাপন করেছেন? [সি. বো. '২৫]
ⓚ পথিক-কবির ⓛ অর্ফিয়াসের
(খ) ⓜ ইস্রাফিলের ⓝ ইন্দ্রাণী-সুতের

৪২. 'বিদ্রোহী' কবিতায় 'প্রণব-নাদ' বলতে কবি কী বুঝিয়েছেন? [রা. বো. '২৪; য. বো. '২৪]
ⓚ সকরুণ বিলাপ ⓛ বিকট আওয়াজ
(ঘ) ⓜ প্রতিধ্বনি ⓝ ওঙ্কার ধ্বনি

৪৩. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার শিষ্য বলে পরিচয় দিয়েছেন? [ব. বো. '২৩]
ⓚ বিশ্বামিত্র ⓛ ইন্দ্রাণী
(ক) ⓜ দুর্বাশা ⓝ প্রভঞ্জন

৪৪. 'বিদ্রোহী' কবিতায় কবি কার বুকের 'ক্রন্দন-শ্বাস'? [ব. বো. '২৪]
ⓚ হুতাশীর ⓛ উৎপীড়িতের
(ঘ) ⓜ অবমানিতের ⓝ বিধবার

৪৫. তিথি অত্যন্ত রাগী প্রকৃতির মেয়ে। ক্রোধান্বিত হলে হিতাহিত জ্ঞান থাকে না। তিথির সাথে 'বিদ্রোহী' কবিতার কার মিল রয়েছে? [ব. বো. '২২]
ⓚ চেঙ্গিস খানের ⓛ ক্ষ্যাপা দুর্বাসার
(খ) ⓜ পিণাক-পাণির ⓝ নটরাজের

৪৬. কবি নজরুল দাবানল হয়ে কী দাহন করবেন? [সি. বো. '২৩]
ⓚ শ্মশান ⓛ লোকালয়
(গ) ⓜ বিশ্ব ⓝ হিমাদ্রি

৪৭. কবি কার কুঠার দিয়ে বিশ্বকে নিঃক্ষত্রিয় করবেন? [ব. বো. '২২]
ⓚ ইস্রাফিল ⓛ অর্ফিয়াস
(গ) ⓜ পরশুরাম ⓝ দুর্বাসার

৪৮. 'বিদ্রোহী' কবিতায় কবি বিশ্বকে নিঃক্ষত্রিয় করতে চান কেন? [ব. বো. '২২]
ⓚ ক্ষাত্রশক্তিকে বিনষ্ট করতে ⓛ বিদ্রোহের অবসান ঘটাতে
(গ) ⓜ পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠার জন্য ⓝ শত্রুতা নিরসনের জন্য

৪৯. 'বিদ্রোহী' কবিতায় কবি নিজেকে কার দণ্ড বলে অভিহিত করেছেন? [চ. বো. '২৪]
ⓚ পরশুরাম ⓛ ইস্রাফিল
(গ) ⓜ ধর্মরাজ ⓝ পিণাক-পাণি

৫০. "আমি শ্যামের হাতের বাঁশরী।"– 'বিদ্রোহী' কবিতার এই পঙ্‌ক্তিতে কবির কোন সত্তা প্রকাশ পেয়েছে? [কু. বো. '২৪]
ⓚ প্রেমিক ⓛ বিদ্রোহী
(ক) ⓜ কঠোর ⓝ কোমল

৫১. 'বিদ্রোহী' কবিতার মূল চেতনা প্রকাশিত হয়েছে কোন পঙ্‌ক্তিতে? [চ. বো. '২৪]
ⓚ সংসারে গড়িব এক নতুন সমাজ
ⓛ মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি
ⓜ আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি
(ক) ⓝ সকল দেশের রানি সে যে আমার জন্মভূমি

৫২. কার "ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না"– বলে 'বিদ্রোহী' কবিতার কবির কামনা? [সি. বো. '২২]
ⓚ অবমানিতের ⓛ অত্যাচারিতের
(গ) ⓜ উৎপীড়িতের ⓝ হতদরিদ্রের

৫৩. 'বিদ্রোহী' কবিতা শেষ হয়েছে কোন প্রত্যাশার মধ্য দিয়ে? [সি. বো. '২৪]
ⓚ অত্যাচারীর বিনাশ ⓛ অন্যায়ের শাস্তিবিধান
(ঘ) ⓜ ধ্বংসের মধ্য দিয়ে ⓝ অত্যাচারের অবসান

৫৪. 'বিদ্রোহী' কবিতার কোন চরণে কবির কোমল হৃদয়ের পরিচয় পাওয়া যায়? [চ. বো. '২৫]
ⓚ আমি এলোকেশে ঝড় অকাল-বৈশাখীর
ⓛ আমি ইস্রাফিলের শিঙ্গার মহা হুঙ্কার
ⓜ আমি পথিক কবির গভীর রাগিনী
(গ) ⓝ আমি পরশুরামের কঠোর কুঠার

৫৫. নিচের কোন চরণটিতে 'বিদ্রোহী' কবিতার মূলভাব প্রকাশিত হয়েছে? [সি. বো. '২৫]
ⓚ আমি মহাভয়, আমি অভিশাপ পৃথ্বীর
ⓛ আমি দলে যাই যত বন্ধন, যত নিয়ম কানুন শৃঙ্খল
ⓜ আমি ইন্দ্রাণী-সুত হাতে চাঁদ ভালে সূর্য
(ঘ) ⓝ মম এক হাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ-তূর্য

৫৬. "ঘুম চুমু দিয়ে করি নিখিল বিশ্বে নিঝঝুম"– চরণটিতে নজরুলের কোন মনোভাবটি প্রকাশ পেয়েছে? [ব. বো. '২৫]
ⓚ শান্তি প্রতিষ্ঠার প্রত্যাশা
ⓛ প্রবল দ্রোহের চেতনা
ⓜ সম্প্রীতি ও সৌহার্দের আহ্বান
(ক) ⓝ প্রচলিত রীতি-নীতির বিরোধিতা

CamScanner

Educationblog24.com



## শব্দার্থ ও টীকা ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৬২

৫৭. 'বিদ্রোহী' কবিতায় 'নটরাজ' বলতে কাকে বোঝানো হয়েছে? [কু. বো. '২৪]
ⓚ মহাদেব ⓛ বিষ্ণু
ⓜ পরশুরাম ⓝ বলরাম
উত্তর: ক

৫৮. 'সুত' শব্দের অর্থ কী? [কু. বো. '২৩]
ⓚ সুতা ⓛ পুত্র
ⓜ স্রোত ⓝ তন্তু
উত্তর: খ

৫৯. 'মহা-প্রলয়ের' সাথে সম্পর্ক আছে— [ঢা. বো. '২৫]
i. ইস্রাফিলের সিঙ্গার
ii. নৃশংসতার
iii. নটরাজের
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii ⓜ i ও iii ⓝ i, ii ও iii
উত্তর: গ

৬০. বেদুইন-এর সঙ্গে সম্পর্ক রয়েছে কোন দেশের?
ⓚ আরবের ⓛ মিসরের
ⓜ ইরানের ⓝ জাপানের
উত্তর: ক

৬১. চেঙ্গিস খান (১১৬২-১২২৭) ছিলেন—
i. একজন মুসাফির
ii. সামরিক নেতা
iii. মোঙ্গল জাতির অন্যতম যোদ্ধা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii
উত্তর: গ

৬২. ক্ষত্রিয়কুলে জন্মগ্রহণ করেও ব্রাহ্মণত্ব লাভ করেন কে? [মাইলস্টোন কলেজ, ঢাকা]
ⓚ বিশ্বামিত্র ⓛ দুর্বাসা
ⓜ ইন্দ্রাণী ⓝ ভীম
উত্তর: ক

## পাঠ পরিচিতি ▸ পাঠ্যবই; পৃষ্ঠা ২৬৪

৬৩. কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থটি কোন সালে প্রকাশিত হয়? [ঢা. বো. '২৫; য. বো. '২৪]
ⓚ ১৯২০ ⓛ ১৯২২
ⓜ ১৯২৪ ⓝ ১৯২৬
উত্তর: খ

৬৪. 'বিদ্রোহী' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? [ঢা. বো. '২৪, '২৩; চ. বো. '২৪]
ⓚ সাম্যবাদী ⓛ বিষের বাঁশি
ⓜ দোলনচাঁপা/সর্বহারা ⓝ অগ্নিবীণা
উত্তর: ঘ

৬৫. "মুষ্টিবদ্ধ উদ্ধত বাহু আর ঝলসানো দৃষ্টিতে বিপ্লব অনিবার্য"— উক্ত বাক্যের বিষয়বস্তু তোমার পঠিত কোন কবিতার সঙ্গে সংগতিপূর্ণ? [ঢা. বো. '২৩]
ⓚ বিদ্রোহী ⓛ সুচেতনা
ⓜ প্রতিদান ⓝ আঠারো বছর বয়স
উত্তর: ক

৬৬. 'বিদ্রোহী' কবিতায় কবির অশান্ত হয়ে ওঠার কারণ কী? [দি. বো. '২৪]
ⓚ নিপীড়িত মানবতার জন্য ⓛ হারানো ঐতিহ্য ফিরে পেতে
ⓜ স্বাধীনতার জন্য ⓝ একাকিত্ব ও হতাশা থেকে
উত্তর: ক

■ উদ্দীপকটি পড়ে ৬৭ নম্বর প্রশ্নের উত্তর দাও :
মহাজনের কাছ থেকে টাকা নিয়ে লতিফ একটি চায়ের দোকান দিয়েছে। সাপ্তাহিক সুদ দিতে দিতেই সে হয়রান। ব্যবসা তার লাটে ওঠার অবস্থা। গ্রামে লতিফের মতো অনেকেই মহাজনের অত্যাচারে জর্জরিত। একদিন লতিফের নেতৃত্বে সবাই মহাজনের বিরুদ্ধে ফুঁসে ওঠে। [ম. বো. '২৪]

৬৭. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?
ⓚ প্রতিশোধপরায়ণতা ⓛ উচ্চশ্রেণির অত্যাচার
ⓜ বিদ্রোহী চেতনা ⓝ অসাম্প্রদায়িকতা
উত্তর: গ

৬৮. "জাগ রে কৃষাণ, সব তো গেছে, কিসের আর ভয়"— উদ্দীপকটিতে 'বিদ্রোহী' কবিতার যে ভাব ফুটে উঠেছে— [ব. বো. '২২]
ⓚ বিদ্রোহ ⓛ সংগ্রাম
ⓜ প্রতিবাদ ⓝ প্রতিরোধ
উত্তর: ক



# সৃজনশীল অংশ | চূড়ান্ত প্রস্তুতিমূলক প্রশ্ন ও উত্তর

A+ গ্রেড এর নিশ্চয়তা | NCTB প্রদত্ত পূর্ণাঙ্গ সিলেবাস ও চূড়ান্ত মানবণ্টনের আলোকে এইচএসসি পরীক্ষায় সেরা প্রস্তুতির নিশ্চয়তায় বিগত সকল বোর্ড ও শীর্ষস্থানীয় কলেজসমূহের সৃজনশীল প্রশ্ন ও উত্তর।

## বোর্ড পরীক্ষার সৃজনশীল প্রশ্ন ও উত্তর | পাঠ্যবইয়ের শিখনফলসূত্র সংবলিত

### প্রশ্ন ১ ▸ ঢাকা বোর্ড ২০২৫ • প্রশ্ন ৬

সুকান্ত ভট্টাচার্য একজন তেজস্বী কবি। তিনি ব্রিটিশ ঔপনিবেশিক শাসকদের বিরুদ্ধে তাঁর লেখনী ধারণ করেন। তাঁর কবিতায় আছে মানুষের মুক্তির বার্তা এবং স্বকীয়তা ও স্বাধীনতার স্বাদ। তাঁর দ্রোহচেতনা কবিতার মাধ্যমে ছড়িয়ে পড়েছিল সমাজে।

ক. 'অগ্নিবীণা' কাব্য কত সালে প্রকাশিত হয়? ১
খ. কবি নিজেকে 'বিদ্রোহী রণক্লান্ত' বলেছেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কোন বক্তব্যটি ফুটে উঠেছে? বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপক এবং 'বিদ্রোহী' কবিতার আলোকে বিদ্রোহীসত্তার স্বরূপ উন্মোচন কর। ৪

**১নং প্রশ্নের উত্তর :** ▸ শিখনফল ২

**ক** • 'অগ্নিবীণা' কাব্য ১৯২২ সালে প্রকাশিত হয়।

**খ** • কবি নিজেকে 'বিদ্রোহী রণক্লান্ত' বলেছেন কারণ তিনি নিজেকে অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধক্ষেত্রের একজন অকুতোভয় ও আপসহীন সৈনিক মনে করেন।

• 'বিদ্রোহী' কবিতায় কবি সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে একাই যুদ্ধে নেমেছেন। তিনি যুদ্ধক্ষেত্রের এমন এক মহা বিদ্রোহী যিনি অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ করতে করতে ক্লান্ত হলেও তাঁর লক্ষ্যে পৌঁছানোর আগপর্যন্ত তিনি শান্ত হবেন না। যতদিন পর্যন্ত উৎপীড়িত জনতার কান্না না থামবে ততদিন তাঁর এই বিদ্রোহী কবিসত্তা শান্ত হবে না। ফলে 'বিদ্রোহী রণক্লান্ত' বলতে তিনি নিজেকে একজন অকুতোভয় সৈনিক হিসেবে অভিহিত করেছেন।

**গ** • উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার কবির ঔপনিবেশিক শক্তির বিরুদ্ধে বিদ্রোহ করার বক্তব্যটি ফুটে উঠেছে।

• 'বিদ্রোহী' কবিতায় কবি সকল অন্যায়-অবিচারের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেছেন। অসত্য, অকল্যাণ, অমঙ্গল ও অন্যায়ের বিরুদ্ধে বিদ্রোহ; শৃঙ্খলপরা 'আমি' সত্তার মুক্তির জন্য বিদ্রোহ এবং স্বদেশের